টিকার তথ্য বিবৃতি | BENGALI

সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল টিকা (MenB): *আপনার যা জানা আবশ্যক*

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

অনেক টিকার তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলব্ধ। www.immunize.org/vis দেখুন

1 কেন টিকা নেবেন?

মেনিঙ্গোকক্কাল রোগ হল একটি গুরুতর ব্যাধি যা *নেইসসেরিয়া মেনিঞ্জাইটিডিস* নামক একধরণের ব্যাক্টেরিয়া কারণে হয়। এর ফলে মেনিনজাইটিস (মস্তিস্ক এবং মেরুদন্ডের আবরণে সংক্রমণ) হতে পারে এবং রক্তে সংক্রমণ সৃষ্টি হতে পারে| মেনিঙ্গোকক্কাল রোগটি প্রায়ই কোন সতর্কবার্তা না দিয়ে উপস্থিত হয়-এমনকি এমনিতে সুস্থ থাকা লোকদের মধ্যেও হয়।

মেনিঙ্গোকক্কাল রোগটি নিকট স্পর্শ (কাশি বা চুম্বন) বা একই পরিবারে অনেকদিন বসবাসের কারণে দীর্ঘকালীন সংস্পর্শে থাকার ফলে এক ব্যক্তির থেকে অন্য ব্যক্তির মধ্যে ছড়িয়ে যেতে পারে।

অন্তত 12 ধরণের *এন. মেনিঞ্জাইটিস*, আছে যেগুলি "সেরোগ্রুপ" নামে পরিচিত। সেরোগ্রুপ A, B, C, W এবং Y সবথেকে বেশি মেনিঙ্গোকক্কাল রোগের কারণ।

যেকোন মানুষের মেনিঙ্গোকক্কাল রোগ হতে পারে কিন্তু কিছু মানুষ আছে যাদের ঝুঁকি বেশি, এর মধ্যে পরে:

- এক বছরের কম বয়সী ছোট শিশু
- 16 থেকে 23 বছরের কিশোর এবং তরুণ প্রাপ্তবয়স্ক
- এমন ব্যক্তি যাদের বিশেষ চিকিৎসা সংক্রান্ত পরিস্থিতির কারণে রোগপ্রতিকার ব্যবস্থা প্রভাবিত হয়েছে
- নিয়মিতভাবে *এন. মেনিঞ্জাইটিস*-এর পৃথকীকরণগুলি নিয়ে কাজ করা মাইক্রোবায়োলজিস্টরা
- কম্যুনিটিতে ছড়িয়ে যাওয়ার ফলে ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা মানুষ

এমনকি এটির চিকিৎসা করার সময়ও, মেনিঙ্গোকক্কাল রোগটি 100 জনের মধ্যে 10 থেকে 15 জন সংক্রামিত মানুষকে মেরে ফেলে। যারা বেঁচে থাকে, প্রতি 100 জনের মধ্যে 10 থেকে 20 জন নানাভাবে অক্ষম হয়ে পরে যেমন কানে শুনতে পায়না, মস্তিষ্কে ক্ষতি, কিডনির ক্ষতি, অঙ্গচ্ছেদ, স্নায়ুতন্ত্রে সমস্যা অথবা চামড়ার সংস্থাপনের ফলে একাধিক ক্ষতচিহ্ন হয়।

সেরোগ্রুপ B-এর কারণে (Serogroup B meningococcal, MenB) হওয়া মেনিঙ্গোকক্কাল রোগটি প্রতিরোধ করতে সাহায্য করতে পারে। অন্যান্য টিকাগুলি সেরোগ্রুপ A, C, W, এবং Y-এর বিরুদ্ধে প্রতিরোধ করার ক্ষেত্রে সাহায্য করার জন্য সুপারিশ করা হয়।

2 সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল টিকা

দুটি সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল টিকা – Bexsero® এবং Trumenba® – ফুড ও ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA)-এর থেকে লাইসেন্স লাভ করেছে।

এই টিকাগুলি নিয়মিতভাবে সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল সংক্রমণের ঝুঁকি বেড়ে থাকা 10 বছর বা তার বেশি বয়সী লোকদের দেওয়ার জন্য সুপারিশ করা হয়, এদের মধ্যে রয়েছে:

- সেই ব্যক্তিরা যারা সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল রোগের প্রকোপের ঝুঁকির মধ্যে রয়েছে
- এমন কোনো ব্যক্তি যার প্লীহা ক্ষতিগ্রস্ত বা অপসারণ করা হয়েছে
- এমন কোনো ব্যক্তি যার "স্থির সম্পূরণ গঠনকারী অংশের অভাব" (persistent complement component deficiency) রোগপ্রতিকার ব্যবস্থার একটি বিরল পরিস্থিতি আছে
- এমন কোনো ব্যক্তি যে একুলিজুম্যাব (Soliris® নামেও পরিচিত) নামে কোনো ওষুধ সেবন করে
- নিয়মিতভাবে *এন. মেনিঞ্জাইটিস*-এর পৃথকীকরণগুলি নিয়ে কাজ করা মাইক্রোবায়োলজিস্টরা

সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল রোগের অত্যাধিক প্রকোপের বিরুদ্ধে স্বল্পমেয়াদী সুরক্ষা দেওয়ার জন্য এই টিকাগুলি 16 থেকে 23 বছর বয়সী যেকোনো লোককে দেওয়া হতে পারে; 16 থেকে 18 বছব বয়স টিকাকরণ করানোর উপযুক্ত বয়স।

সবথেকে ভালো সুরক্ষার জন্য, সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল টিকার 1টির বেশি ডোজ/মাত্রা নেওয়া প্রয়োজন। সবকটি ডোজের জন্য অবশ্যই একই টিকা ব্যবহার করতে হবে। আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে ডোজগুলির সংখ্যা এবং সময় সম্পর্কে জিজ্ঞাসা করুন।

3 কিছু লোকের এই টিকা নেওয়া উচিত নয়

আপনাকে যে ব্যক্তি টিকা দিচ্ছেন তাকে বলুন:

- **যদি আপনার কোনো গুরুতর, প্রাণঘাতী অ্যালার্জি থাকে।** সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল টিকার ডোজ/মাত্রা নেওয়ার ফলে আপনার কখনো কোনো প্রাণঘাতী অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিয়ে থাকলে অথবা এই টিকার আংশিক প্রয়োগের ফলে গুরুতর অ্যালার্জি দেখা দেয়, তাহলে আপনার টিকা নেওয়া উচিত নয় বলে পরামর্শ দেওয়া হতে পারে। *ল্যাটেক্স থেকে হওয়া গুরুতর অ্যালার্জি সহ আপনার আছে এমন কোনো অ্যালার্জি সম্পর্কে আপনার জানা থাকলে তা আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জানান।* তিনি আপনাকে টিকার উপকরণগুলি সম্বন্ধে বলতে পারবেন।
- **যদি আপনি গর্ভবতী হন বা স্তন্যপান করান।** গর্ভবতী মহিলা বা স্তন্যপান করানো মায়েদের জন্য এই টিকার সম্ভাব্য ঝুঁকিগুলির সম্বন্ধে খুব বেশি তথ্য জানা নেই। স্পষ্টভাবে প্রয়োজনে এটি গর্ভাবস্থা চলাকালীন অবস্থায় ব্যবহার করা উচিত।

যদি সর্দিকাশির মত আপনার সামান্য অসুস্থতা হয়, আপনি সম্ভবত আজই এই টিকা নিতে পারবেন। যদি আপনি কিছুটা বা গুরুতরভাবে অসুস্থ হন, তাহলে আপনি সুস্থ হয়ে ওঠা পর্যন্ত আপনার অপেক্ষা করা উচিত। আপনার চিকিৎসক আপনাকে পরামর্শ দিতে পারেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

4 টিকার প্রতিক্রিয়ার ঝুঁকি

টিকা সহ যে কোনো ওষুধের ক্ষেত্রে পার্শ্ব প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে। এগুলি সাধারণত খুব হালকা হয় এবং নিজে থেকেই ঠিক হয়ে যায়, কিন্তু মারাত্মক প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে।

সেরোগ্রুপ বি মেনিঙ্গোকক্কাল টিকা নেওয়া লোকেদের মধ্যে অর্ধেকের বেশি মানুষের টিকাকরণ করানোর পরে **হালকা সমস্যা** হয়। এই প্রতিক্রিয়াগুলি 3 থেকে 7 দিন পর্যন্ত থাকতে পারে, এবং এর মধ্যে রয়েছে:

- যে জায়গাতে শটটি দেওয়া হয়েছে সেখানে ব্যথা, লালচে হওয়া, বা ফুলে যাওয়া
- ক্লান্তিভাব বা দুর্বলতা
- মাথা ব্যথা
- পেশী বা জয়েন্টের ব্যথা
- জ্বর বা ঠান্ডা লাগা
- বমি ভাব বা ডায়রিয়া

অন্যান্য সমস্যা যা এই টিকা নেওয়ার পরে হতে পারে:

- টিকা সহ চিকিৎসা সংক্রান্ত পদ্ধতির পর মানুষ অনেক সময় অজ্ঞান হয়ে যায়। প্রায় 15 মিনিট ধরে বসে বা শুয়ে থাকলে অজ্ঞান হওয়া এবং পড়ে যাওয়ার ফলে হওয়া আঘাত প্রতিরোধ করা যেতে পারে। আপনার মাথা ঘুরলে অথবা চোখে অন্ধকার দেখলে বা কান বাজলে প্রদানকারীকে বলুন।
- কিছু মানুষের কাঁধে ব্যথা হয়, যেটি গুরুতর আকার ধারণ করতে পারে এবং ইঞ্জেকশনগুলি দেওয়ার পরে নিয়মিত ব্যথার থেকে আরও বেশি দীর্ঘস্থায়ী হতে পারে। এইরকম খুবই কম হয়।
- যে কোনো ওষুধ থেকে তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে। টিকা থেকে এই ধরনের প্রতিক্রিয়া খুব কম হয়, প্রায় এক মিলিয়ন ডোজের মধ্যে 1 জনের এবং সেটিও টিকা দেওয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে হবে।

যেকোনো ওষুধের মতো, টিকা নেওয়ার ফলে গুরুতর আহত হওয়া বা মৃত্যু হওয়ার সম্ভাবনা দূরস্থ।

টিকার নিরাপত্তার প্রতি সবসময় নজর দেওয়া হচ্ছে। আরও তথ্যের জন্য, দেখুন: **www.cdc.gov/vaccinesafety/**

5 মারাত্মক প্রতিক্রিয়া দেখা দিলে কী হবে?

আমার কী খেয়াল রাখা উচিত?

- আপনার উদ্বেগের কারণ হতে পারে এমন সবকিছুর দিকে খেয়াল রাখুন, যেমন তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়ার লক্ষ্মণ, খুব বেশি জ্বর, বা অস্বাভাবিক আচরণ।

  তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়ার লক্ষ্মণগুলির মধ্যে রয়েছে আমবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাসকষ্ট, সঙ্কটজনক হৃৎস্পন্দন (হার্ট বিট), মাথা ঘোরা, এবং দুর্বলতা। সাধারণত টিকাকরণের পরের কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে এগুলি শুরু হবে।

আমার কী করা উচিত?

- আপনার যদি মনে হয় এটি **গুরুতর অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া** বা অন্য কোন আপৎকালীন অবস্থা যার জন্য অপেক্ষা করা যাবে না, তাহলে 9-1-1 নম্বরে ফোন করুন এবং নিকটস্থ হাসপাতালে যান। অন্যথা, আপনার ক্লিনিকে ফোন করুন।

  এরপর, প্রতিক্রিয়া সম্পর্কে Vaccine Adverse Event Reporting System (VAERS) (ভ্যাক্সিন এডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম)-এ রিপোর্ট করতে হবে। VAERS ওয়েবসাইট **www.vaers.hhs.gov**-তে গিয়ে অথবা **1-800-822-7967** নম্বরে ফোন করে আপনার চিকিৎসক এই রিপোর্টটি ফাইল করতে পারেন অথবা আপনি নিজেই তা করতে পারেন।

VAERS চিকিৎসার পরামর্শ প্রদান করে না।

6 ন্যাশানাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম

The National Vaccine Injury Compensation Program (VICP) (ন্যাশনাল ভ্যাক্সিন ইনজুরি কম্পেনশেসন প্রোগ্রাম) হল একটি ফেডারেল কর্মসূচি যেটি নির্দিষ্ট কিছু টিকার দ্বারা আহত হওয়া ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদানের জন্য তৈরী করা হয়েছে।

যে ব্যক্তিরা মনে করেন তারা হয়তো টিকার কারণে আহত হয়েছেন তারা এই কর্মসূচি এবং অভিযোগ দাখিল করার পদ্ধতি সম্বন্ধে তথ্য **1-800-338-2382** নম্বরে ফোন করে বা VICP ওয়েবসাইট **www.hrsa.gov/vaccinecompensation** দেখে জানতে পারেন। ক্ষতিপূরণের দাবি দাখিল করার জন্য সময়সীমা রয়েছে।

7 আমি কিভাবে আরও বেশী জানব?

- আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন। তিনি আপনাকে টিকার প্যাকেজের মধ্যে থাকা কাগজটি দিতে পারেন বা তথ্যের অন্য উৎস সম্পর্কে পরামর্শ দিতে পারেন।
- আপনার স্থানীয় বা স্টেট স্বাস্থ্য বিভাগে ফোন করুন।
- Centers for Disease Control and Prevention (রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র, CDC) এর
  - **1-800-232-4636 (1-800-CDC-INFO)** নম্বরে ফোন করুন অথবা
  - CDC-র ওয়েবসাইট **www.cdc.gov/vaccines** দেখুন

Vaccine Information Statement
Serogroup B Meningococcal Vaccine

08/09/2016

Bengali

Office Use Only

42 U.S.C. § 300aa-26

DCH-3932BE
AUTH: P. H. S., Act 42, Sect. 2126.

Bengali translation provided by the NYC Department of Health and Mental Hygiene

ü¡ØbÉ fÏl®oh¡ f¡c¡eL¡l£l¡ k¡®a ÏVL¡c¡e pÇfÏLÑa pÏWL abÉ, ÏVL¡c¡®el HLÏV j¡§mÉ¡ue Hhw i¡ÏhoÉv ÏVL¡c¡®el HLÏV ÏedÑ¡ÏIa pjup§ÏQ f¡e a¡l SeÉ ÏjÏQN¡e ®Lu¡l Cj f¦¡i®j¾V ®lÏSØVÈ®a abÉ f¡W¡®e¡ q®hz ®L¡e hÉÏš² Q¡C®m a¡®cl ÏVL¡c¡®el abÉ ®lÏSøÈ®a e¡ f¡W¡®e¡l Ae¤®l¡d ü¡ØbÉ fÏl®oh¡ f¡c¡eL¡l£l L¡®R Ll®a f¡®lez